যে রাতে মোর দুয়ারগুলি ভাঙল ঝড়ে
জানি নাই তো তুমি এলে আমার ঘরে ॥
সব যে হয়ে গেল কালো,   নিবে গেল দীপের আলো,
আকাশ-পানে হাত বাড়ালেম কাহার তরে ?।
অন্ধকারে রইনু পড়ে স্বপন মানি ।
ঝড় যে তোমার জয়ধ্বজা তাই কি জানি !
সকালবেলা চেয়ে দেখি,   দাঁড়িয়ে আছ তুমি এ কি,
ঘর-ভরা মোর শূন্যতারই বুকের 'পরে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Bageshree
Visit www.geetabitan.com for notation and other detail